**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 06-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**C.M. Revenue .**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ভূমি রাজস্ব আইন কঠোরভাবে বাস্তবায়নের পাশাপাশি এই সংক্রান্ত নিয়মকানুন মেনে চলার জন্য জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। সেই সঙ্গে যাতে কোনও পরিস্থিতিতে আইন লঙ্ঘন করা না হয় সেবিষয়েও নির্দেশ দিয়েছেন। গতকাল মহাকরনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সভাপতিত্বে রাজস্ব দপ্তরের রাজ্যস্তরীয় উপদেষ্টা কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জলাশয় ডাইভারশন এবং বরাদ্দকৃত জমি বিক্রয় ও হস্তান্তরের অনুমতি চেয়ে বিভিন্ন প্রস্তাব বিবেচনার জন্য পেশ করা হয়।

এই বৈঠকে উপদেষ্টা কমিটি মোট ১৪৯টি আবেদন বিবেচনার জন্য নিয়ে আসে। এরমধ্যে জলাশয় ডাইভারশনের অনুমতির জন্য ৬১টি এবং বরাদ্দকৃত জমি বিক্রয়ের জন্য ৮৮টি আবেদন রয়েছে।

বৈঠকে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা জেলা প্রশাসনকে ভূমি রাজস্ব আইন এবং নিয়ম নীতি কঠোরভাবে কার্যকর করার নির্দেশ দেন। কোনও পরিস্থিতিতেই যাতে সংশ্লিষ্ট বিষয়ে নিয়মকানুন লঙ্ঘন না হয় তা সুনিশ্চিত করার জন্য তিনি নির্দেশ দেন। জমি হস্তান্তর ও নামজারি এবং কৃষি ও জলাশয়ের ডাইভারশনের বিষয়েও কঠোরভাবে নজরদারি রাখতে গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী। বৈঠকে সিদ্ধান্ত হয় বরাদ্দকৃত জমি বিক্রির অনুমতির আবেদনপত্র খতিয়ে দেখতে মহকুমা শাসকের সভাপতিত্বে এবং মেডিক্যাল অফিসার সহ মহকুমার অন্যান্য আধিকারিকদের নিয়ে মহকুমা পর্যায়ে একটি কমিটি গঠন করা হবে। এই কমিটি প্রতিটি আবেদনের সত্যতা ও প্রয়োজনীয়তা একটি স্বচ্ছ ব্যবস্থার মাধ্যমে যাচাই করবে।নিবন্ধিত দলিলের উত্তরাধিকার সম্পর্কিত তথ্য আপলোড করা হবে যাতে কোন সম্ভাব্য ক্রেতা, জমি কেনার আগে জমির মালিকানা দেখতে পারেন।

এই কাজে আরো স্বচ্ছতা ও গতি আনতে এরমধ্যে রেভেনিউ ইন্সপেক্টর পদে ১৪ জন, তহশিলদার পদে ১৬৪ জন, জুনিয়র সার্ভেয়ার পদে ১০ জন, আমিন পদে ২৯ জন এবং মুহুরী

পদে ৩৭ জন নিয়োগের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। এই পদগুলিতে নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে।

বৈঠকে রাজস্ব ও জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে, আইন দপ্তরের সচিব সঞ্জয় ভট্টাচার্য্য সহ অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সমস্ত জেলার জেলাশাসক ও সমাহর্তাগণও অংশ নেন।

****************************

**Ram Nabami.**

আজ রাম নবমী। ভগবান শ্রী রামচন্দ্রের আবির্ভাব তিথি। দেশের বিভিন্ন প্রান্তে মহাসমারোহে রামনবমী উদযাপিত হয়। আগরতলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে উৎসাহ উদ্দীপনার মধ্যে রামনবমী পালনের আয়োজন করা হয়েছে।

এদিকে, আজ বাসন্তী পুজার নবমী তিথি পূজা। সকাল থেকে মন্ডপে মন্ডপে পুজার আয়োজন চলছে। আগরতলার দূর্গা বাড়িতেও বাসন্তী পূজা উপলক্ষে ভিড় হয়।রাম নবমী উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন|

*************************

**P.M. Visit T.N .**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তামিলনাডু সফরে যাবেন, সেখানে তিনি রামনবমী উপলক্ষে রামেশ্বরমের মূল ভূখণ্ডের মধ্যে সংযোগকারী নতুন পাম্বান রেল সেতুর উদ্বোধন করবেন। সেতুটি ভারতের প্রথম ভার্টিক্যাল লিফট সি ব্রিজ। প্রধানমন্ত্রী সড়ক সেতু থেকে একটি ট্রেন ও একটি জাহাজের যাত্রা সূচনা করবেন এবং সেতুর পরিচালনা প্রত্যক্ষ করবেন।

**************************

**Waqf Bill :**

সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক গতকাল ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫ সম্পর্কিত ভুল ধারণা ভেঙে দিয়ে জানিয়েছে যে ওয়াকফ আইন, ১৯৯৫ প্রবর্তনের আগে এবং ওয়াকফ আইন, ১৯৯৫ এর অধীনে ওয়াকফ হিসাবে নিবন্ধিত কোনও

সম্পত্তি বাতিল করা হবে না। আরো বলা হয় যে একবার কোনও সম্পত্তি ওয়াকফ ঘোষণা করা হলে, এটি স্থায়ীভাবে সেইভাবেই থাকার কথা। বিলটি কেবল উন্নত ব্যবস্থাপনা এবং স্বচ্ছতার জন্য নিয়মগুলি স্পষ্ট করে।

মন্ত্রক আরও স্পষ্ট করে জানিয়েছে যে ওয়াকফ বোর্ডগুলিতে অমুসলিমদের অন্তর্ভুক্ত করা হবে, তবে তারা সংখ্যাগরিষ্ঠ হবে না। এতে আরও বলা হয়েছে যে কোনও ব্যক্তিগত জমি অধিগ্রহণ করা হবে না এবং বিলটি কেবলমাত্র ওয়াকফ ঘোষিত সম্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য।

*****************

**BJP**.

ভারতীয় জনতা পার্টি আজ তার প্রতিষ্ঠা দিবস উদযাপন করবে। এই উপলক্ষে বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী জগৎপ্রকাশ নাড্ডা নয়াদিল্লিতে বিজেপির সদর দফতরে দলীয় পতাকা উত্তোলন করবেন। বিজেপি সূত্রে খবর, এই উপলক্ষে দলের বুথ কর্মীদের সঙ্গেও কথা বলবেন সভাপতি জগত প্রকাশ নাড্ডা।

*************************

**Opioid Substitution Therapy Centre :**

পূর্ব যোগেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গতকাল ওপিওয়েড সাবস্টিটিউশন থেরাপি সেন্টারের উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের ২৯ নম্বর ওয়ার্ড কর্পোরেটর রুমা দাস। মূলত মাদকাসক্তদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার উদ্দেশ্যে পশ্চিম ত্রিপুরা জেলায় এই ধরনের ১৮টি সেন্টারের উদ্বোধন হয়। পূর্ব যোগেন্দ্রনগরের এই ওপিওয়েড সাবস্টিটিউশন থেরাপি সেন্টারের উদ্বোধনী দিনে নেশায় আসক্ত চার যুবক এই কেন্দ্রের সুবিধা গ্রহণ করেন।

****************

**Agartala Press Club ..**

আগরতলা প্রেসক্লাবের আজ সাধারান সভা। সকাল ১১ টায়,শুরু হবে সভা। এই সাধারন সভার মধ্যে দিয়ে দুই বছরের জন্য পরবতী পরিচালন কমিটি গঠন করা হবে।

****************

**E-KYC/ Meeting :** .

গনবন্টন ব্যবস্থায় রেশন কার্ডের ই-কে,ওয়াই,সি এবং আধার কার্ড এর আপডেট বিষয়ে এক বৈঠক গতকাল কৈলাশহরে অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসক এল. দারলং সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

*************************

**South-Police :**

বিলোনিয়ার সার্কিট হাউসে আয়োজিত এক অনুষ্ঠানে গতকাল দক্ষিণ জেলার ১২ জন পুলিশ কর্মীকে পুরস্কৃত করা হয়| ট্রাফিক আইন কার্যকরীভাবে প্রয়োগের জন্য ট্রাফিকের দায়িত্বপ্রাপ্ত জেলার ডেপুটি পুলিশ সুপার সুমিতাভ দেবনাথকে বিশেষ পুরষ্কার, জেলার সেরা ওসি হিসাবে পিআরবাড়ি থানার ওসি রতন রবিদাস সহ জেলায় কর্মরত পুলিশ সাব - ইনস্পেকটর, পুলিশ কনস্টেবল ও এসপিও মিলিয়ে ১২ জনকে পুরস্কৃত করা হয়৷ অনুষ্ঠানে পৌরহিত্য করেন দক্ষিণ জেলার পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর।

*********************

**Weather** ..

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভবাবনা রয়েছে। উত্তর

ত্রিপুরা, উনকোটি ও ধলাইজেলার কোথাও কোথাও  ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো  হাওয়া ও বজ্র-বিদ্যুৎসহ বৃষ্টি পাত হতে পারে, এছাড়া রাজ্যের অন্যান্য অংশেও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টি পাতের  সম্ভাবনা  রয়েছে।  আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।  দিনের  সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

******************